# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(A Residential Autonomous College under University of Calcutta)

**First Year**

**First-Semester Examination, December 2010**

| | | |
|---|---|---|
| Date : 15-12-2010 | **BENGALI (Honours)** | Full Marks : 100 |
| Time : 11am – 3pm | **Paper - I** | |

## বর্গ - ক

১. চর্যাপদের আবিষ্কার ও প্রকাশ কীভাবে হয়েছিল? চর্যাপদগুলিতে সেকালের সমাজজীবন কেমনভাবে ফুটে উঠেছে, তা দেখাও। [৩+৭]

**অথবা**

মধ্যযুগে পদাবলী সাহিত্য উদ্ভবের কারণ কি? বিদ্যাপতি ও চন্ডীদাস উভয়েই প্রাক্-চৈতন্য যুগের কবি হলেও তাঁদের কাব্যবৈশিষ্ট্য স্বতন্ত্র — আলোচনা কর। [৪+৬]

২. কৃত্তিবাসের সময়কাল নির্ণয় করো। অনুবাদক হিসাবে কবির সৃষ্টিদক্ষতা বি লেষণ করো। [৪+৬]

**অথবা**

মধ্যযুগে মঙ্গলকাব্যগুলি রচনার প্রেক্ষাপট কি ছিল? মনসামঙ্গল কাব্যধারার একজন উল্লেখযোগ্য কবির কাব্যবৈশিষ্ট্য এবং কবিকৃতিত্ব সম্পর্কে আলোচনা করো। [৪+৬]

৩. সংক্ষিপ্ত টীকা লেখ। [৫]

গীতগোবিন্দ

**অথবা**

চৈতন্যভাগবত

4. উচ্চারণস্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বর্গীকরণ করো। [১২]

**অথবা**

প্রাথমিক মৌলিক স্বরধ্বনি অনুসারে বাংলা স্বরধ্বনির শ্রেণিপরিচয় দাও।

৫. আধুনিক বাংলা রূপতত্ত্বে লিঙ্গের ধারণার গু ত্ব নিয়ে আলোচনা করো। [১৩]

**অথবা**

আধুনিক বাংলায় ত্রি য়ার ভাব কয়টি ও কী কী? ত্রি য়ার ভাব অনুযায়ী ত্রি য়ারূপের পরিবর্তনটি উদাহরণ দিয়ে দেখাও। বাংলা ত্রি য়ার মৌলিক কাল কয়টি ও কী কী — উদাহরণসহ দেখাও।□

## বর্গ - খ

৬. যে কোন **একটি প্র নের** উত্তর দাও।

ক) গৌরাঙ্গবিষয়ক ও গৌরচন্দ্রিকা বিষয়ক পদের মধ্যে পার্থক্য কোথায়? 'নীরদ নয়নে' পদটির মাধ্যমে সং লিষ্ট কবির সৃষ্টিসৌকর্যের পরিচয় দাও। [৩+৮]

খ) অভিসারের সংজ্ঞা দাও। তোমাদের পাঠ্য পদের আলোচনার ভিত্তিতে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্যপ্রতিভার পরিচয় দাও। [২+৯]

৭. ‘তাতল সৈকতে বারিবিন্দুসম সুত-মিত-রমণী সমাজে’ — ‘তাতল’ শব্দটির অর্থ কী? কবি কে? এই পংক্তি টির মধ্য দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন? [১+১+২]

<u>অথবা</u>

‘অঙ্কুর তপন তাপে যদি জারব,
কি করব বারিদ মেহে।’

- কবি কে? কোন্ পর্যায়ের পদ? উদ্বৃত অংশটির অন্তর্নিহিত অর্থ ব্যাখ্যা কর। [১+১+২]

৮. শাক্ত পদাবলীর আগমনী বিজয়া পর্যায়ের পদসমূহে বাঙালির ঘরের কথা কেমনভাবে পরিস্ফুট হয়েছে দেখাও। [১১]

<u>অথবা</u>

“শাক্ত পদকর্তাদের কবিতাগুলি গীতিকাব্যিক আবেদনে পূর্ণ।” — আলোচনা কর। [১১]

৯. “যদি এসে মৃত্যুঞ্জয় উমা নেবার কথা কয়।
এবার মায়ে-ঝিয়ে করব ঝগড়া জামাই বলে মানব না।”

- কবি কে? মৃত্যুঞ্জয় বলা হয়েছে কাকে? উল্লিখিত অংশটির অন্তর্নিহিত তাৎপর্য লেখো। [১+১+২]

<u>অথবা</u>

“ভবের গাছে বেঁধে দিয়ে মা, পাক দিতেছ অবিরত।
তুমি কি দোষে করিলে আমায় ছটা কলুর অনুগত।”

- কবি কে? কোন্ রসপর্যায়ের অন্তর্গত? ‘ছটা কলু’ বলতে কবি কি বোঝাতে চেয়েছেন, তা উল্লিখিত অংশ অনুসারে ব্যাখ্যা কর। [১+১+২]

১০. অক্ষরবৃত্ত বা মিশ্রবৃত্ত ছন্দরীতির বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। [১০]

<u>অথবা</u>

টীকা লেখ: দল, যতি [৫+৫]

১১. নীচের কবিতাংশগুলির ছন্দলিপি প্রণয়ন করো। (**<u>যেকোন দুটি</u>**) [৫+৫]

ক) একলা হয়ে দাঁড়িয়ে আছি
তোমার জন্যে গলির কোণে
ভাবি তোমার মুখ দেখাব
মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে।

খ) আমি পৃথিবীর কবি যেথা তার যত ওঠে ধ্বনি
আমার বাঁশির সুরে সাড়া তার জাগিবে তখনি।

গ) চিনি বটে যৌবনের পুরোহিত প্রেম দেবতারে,
নারীরূপা প্রকৃতিরে ভালোবেসে বক্ষে লই টানি
অনন্ত রহস্যময়ী স্বপ্নময়ী চির অচেনারে
মনে হয় চিনি যেন এ বি রে সেই ঠাকুরাণী।